

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
শিবগঞ্জ, বগুড়া।
Shibganj.bogra.gov.bd

স্মারক সংখ্যা-০৫.৫০.১০৯৪.০০০.০৯.০০২.১৭-১৪৫

তারিখ : ২৩ মাঘ ১৪২৩ বঙ্গাব্দ
০৫ ফেব্রুয়ারী ২০১৭ খ্রিঃ

সরকারি হাট-বাজার ইজারার দরপত্র বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, এ উপজেলার নিম্নবর্ণিত সরকারি হাট-বাজারসমূহ বাংলা ১৪২৪ সনের ০১(এক) বছরের জন্য অস্থায়ীভাবে ইজারা প্রদানের লক্ষ্যে সিডিউলে বর্ণিত শর্তসাপেক্ষে প্রতিটি হাট-বাজারের জন্য পৃথকভাবে সিলমোহরযুক্ত খামে ক্যালেন্ডারের সময়সূচি অনুযায়ী দরপত্র আহবান করা যাচ্ছে। দরপত্রসমূহ ক্যালেন্ডারে বর্ণিত সময়সূচি মোতাবেক জেলা প্রশাসকের কার্যালয়, বগুড়া(স্থানীয় সরকার শাখা), পুলিশ সুপারের কার্যালয়, বগুড়া, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, শিবগঞ্জ, বগুড়া ও উপজেলা ভূমি অফিস, শিবগঞ্জ, বগুড়া কার্যালয়ে রক্ষিত দরপত্র ব্যাল্ডে গ্রহণ করা হবে। ঐদিন বিকেল ৩.০০ ঘটিকায় দরপত্র দাতাদের উপস্থিতিতে (যদি কেহ উপস্থিত থাকেন) উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, শিবগঞ্জ, বগুড়া দরপত্র ব্যাল্ডে খোলা হবে। প্রয়োজনীয় শর্তাবলীসহ দরপত্র সম্পর্কিত সিডিউল ক্যালেন্ডারে বর্ণিত দরপত্র দাখিলের পূর্বদিন পর্যন্ত অফিস চলাকালীন নির্ধারিত মূল্যে (অফেরতযোগ্য) জেলা প্রশাসকের কার্যালয়, বগুড়া(স্থানীয় সরকার শাখা), উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, শিবগঞ্জ, বগুড়া, উপজেলা ভূমি অফিস, শিবগঞ্জ, বগুড়া, শিবগঞ্জ থানা (পুলিশ স্টেশন) ও সোনালী ব্যাংক, শিবগঞ্জ শাখা, বগুড়া হতে ক্রয় করা যাবে।

দরপত্র দাতাকে উদ্বৃত্ত মূল্যের ৩০% অর্থ ব্যাংক ড্রাফট/পে-অর্ডার এর মাধ্যমে দরপত্রের সাথে জমা দিতে হবে। সফল দরপত্র দাতার জমাকৃত অর্থ হতে ২৫% অর্থ ইজারামূল্যের সাথে সমন্বয় করা হবে এবং অবশিষ্ট ৫% অর্থ জামানত হিসাবে সংরক্ষিত থাকবে। ইজারা গ্রহীতা নিয়মিত হাট-বাজার পরিষ্কার-পরিচ্ছন্ন না করলে বা অন্য কোন ক্ষতিসাধন করলে উক্ত জামানত হতে ব্যয় মিটানো হবে। বছর সমাপনাতে অব্যবহৃত টাকা জমাকারীর বরাবরে ফেরত প্রদান করা হবে। দরপত্র গৃহিত হওয়ার সংবাদ প্রাপ্তির ০৭(সাত) কার্যদিবসের মধ্যে বিধি মোতাবেক সমন্বয় অর্থ (৭৫)% ব্যাংক ড্রাফট/পে-অর্ডার এর মাধ্যমে নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে জমা দিতে হবে। সেইসাথে ইজারামূল্যের অতিরিক্ত ১৫% অর্থ মূল্য সংযোজন কর বাবদ ও ৫% অর্থ আয়কর হিসাবে ট্রেজারী চালান মূলে জমা দিতে হবে। অন্যথায় বিধি মোতাবেক দরপত্র বাতিল করা হবে। উল্লেখ্য যে, কোন পর্যায়ে বর্ণিত যে কোন হাট-বাজারের দাখিলকৃত দর গ্রহণযোগ্য হলে পরবর্তী পর্যায়ে উক্ত হাট-বাজারের দরপত্র সংক্রান্ত কার্যক্রম স্বয়ংক্রিয়ভাবে সমাপ্ত হবে।

তফসিলভুক্ত হাট-বাজার তালিকা

ক্রমিক নং	ইউনিয়ন	হাট-বাজারের নাম	সরকারি ইজারামূল্য (বিগত ০৩ (তিন) বছরের গড় ইজারামূল্যের সাথে ১০% বৃদ্ধিতে)	সিডিউল মূল্য	মন্তব্য
০১	রায়নগর	মহাস্থান	২,৬৩,৮১,৭০৪/-	৫৩,৪০০/-	মহামান্য হাইকোর্ট বিভাগের রীট পিটিশন নং- ১০৯৭৬/২০১৬ এর আদেশ বিষয়ে সরকার পক্ষের জবাব প্রেরণ করা হয়েছে। উক্ত রীট পিটিশনে বর্তমানের আদেশ বহাল থাকিলে ইজারা বিজ্ঞপ্তির ক্যালেন্ডারে অন্তর্ভুক্ত নয় মর্মে গণ্য হবে।
০২	বুড়িগঞ্জ	বিলাহামলা	১,৪৬,৯৩,০৬৮/-	৩০,০০০/-	মহামান্য হাইকোর্ট বিভাগের রীট পিটিশন নং- ১০৯৭৫/২০১৬ এর আদেশ বিষয়ে সরকার পক্ষের জবাব প্রেরণ করা হয়েছে। উক্ত রীট পিটিশনে বর্তমানের আদেশ বহাল থাকিলে ইজারা বিজ্ঞপ্তির ক্যালেন্ডারে অন্তর্ভুক্ত নয় মর্মে গণ্য হবে।
০৩	কিচক	কিচক	৫৪,৬২,০৬৯/-	১১,৬০০/-	মহামান্য হাইকোর্ট বিভাগের রীট পিটিশন নং- ১৪৮৪২/২০১৬ এর আদেশ বিষয়ে সরকার পক্ষের জবাব প্রেরণ করা হয়েছে। উক্ত রীট পিটিশনে বর্তমানের আদেশ বহাল থাকিলে ইজারা বিজ্ঞপ্তির ক্যালেন্ডারে অন্তর্ভুক্ত নয় মর্মে গণ্য হবে।
০৪	ময়দানহাটা	দাড়িদহ	৫৫,৬১,৬০০/-	১১,৮০০/-	মহামান্য হাইকোর্ট বিভাগের রীট পিটিশন নং- ১০৯৭৪/২০১৬ এর আদেশ বিষয়ে সরকার পক্ষের জবাব প্রেরণ করা হয়েছে। উক্ত রীট পিটিশনে বর্তমানের আদেশ বহাল থাকিলে ইজারা বিজ্ঞপ্তির ক্যালেন্ডারে অন্তর্ভুক্ত নয় মর্মে গণ্য হবে।
০৫	মোকামতলা	মোকামতলা	২৮,২৬,৩২৩/-	৬,৪০০/-	মহামান্য হাইকোর্ট বিভাগের রীট পিটিশন নং- ১৫২৮৪/২০১৬ এর আদেশ বিষয়ে সরকার পক্ষের জবাব প্রেরণ করা হয়েছে। উক্ত রীট পিটিশনে বর্তমানের আদেশ বহাল থাকিলে ইজারা বিজ্ঞপ্তির ক্যালেন্ডারে অন্তর্ভুক্ত নয় মর্মে গণ্য হবে।
০৬	শিবগঞ্জ	উখলী	৯,৬৮,০০০/-	২,৬০০/-	-
০৭	রায়নগর	চন্ডিহারা	৬,১৯,৮২৪/-	২,০০০/-	-
০৮	পিরব	সিহালী	৯,০৭,১৯৩/-	২,৬০০/-	-
০৯	আটমুল	ভায়েরপুকুর	১৫,৪৪,৫৪৮/-	৩,৮০০/-	-
১০	আটমুল	আটমুল	৬,৪৩,১৩৪/-	২,০০০/-	-
১১	বিহার	বিহার	৩,৯১,৯৪১/-	১,৪০০/-	-
১২	শিবগঞ্জ	গুজিয়া	৫,১২,৭৮৪/-	১,৮০০/-	-
১৩	সৈয়দপুর	বড়িয়া	৩,৩৯,২৪০/-	১,৪০০/-	-
১৪	বুড়িগঞ্জ	জামুরহাট	৬,৯৭,৮১৫/-	২,০০০/-	-
১৫	মাঝিহাট	চালুঞ্জা- কলিতলা	২,৭০,৪৫৭/-	১,২০০/-	-
১৬	দেউলী	গান্ধার	৩,৩৭,৭৩৮/-	১,৪০০/-	-
১৭	দেউলী	রহবল	১,৩৬,৮০৪/-	১,০০০/-	-
১৮	আটমুল	আলিয়ারহাট	৫,০৭,৮৭০/-	১,৮০০/-	-
১৯	আটমুল	চককানু	৯৭,৫৭০/-	৫০০/-	-